# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmpid@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ


নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২২-২০২৩/২৪৪(১২৫০) তারিখঃ ০৮.০৮.২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা নির্ধারণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিশেষ মনিটরিং ইউনিট) এর ৩১.০৭.২০২২ তারিখের সূত্রঃ বিআরপিডি-১(এসএমইউ)/৯০৪(২)/২০২২-৭৬৫০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮, ২৯.১০.২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩/২০২০, ১২.০৭.২০১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৬/২০২১ ও ২৮.০৭.২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষন করতঃ কোভিট-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় দেশে কার্যরত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমুন্নত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে অত্র ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদয়ে ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১২০.০০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত ১২০.০০ কোটি টাকা বিকেবি'র বিভাগওয়ারী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগ/ কার্যালয় | লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| ০১ | ঢাকা | ২৫.০০ |
| ০২ | ময়মনসিংহ | ৫.০০ |
| ০৩ | চট্টগ্রাম | ১৫.০০ |
| ০৪ | খুলনা | ১৫.০০ |
| ০৫ | বরিশাল | ০.০০ |
| ০৬ | সিলেট | ১৫.০০ |
| ০৭ | কুমিল্লা | ৩.০০ |
| ০৮ | ফরিদপুর | ০.০০ |
| ০৯ | কুষ্টিয়া | ২.০০ |
| ১০ | এলপিও | ৪০.০০ |
| মোট- | | ১২০.০০ |

০৩। এছাড়া, আলোচ্য প্যাকেজের যে সকল প্রতিষ্ঠান প্রথম পর্যায় হতে সুবিধাপ্রাপ্ত তাদের ক্ষেত্রে ৩১.১২.২০১৯ তারিখ স্থিতিভিত্তিক এবং যে সকল প্রতিষ্ঠান দ্বিতীয় পর্যায়ে সুবিধাপ্রাপ্ত তাদের ক্ষেত্রে ৩১.১২.২০২০ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটালের উপর ভিত্তি করে ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারিত হবে;

০৪। শিল্প ও সার্ভিস সেক্টরের ক্ষতিগ্রস্থ যে সকল প্রতিষ্ঠান বর্তমানে ব্যাংক হতে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগ করছে না, সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩১.১২.২০২১ তারিখের আর্থিক বিবরনীর ভিত্তিতে ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগেরর প্রাপ্যতা সীমা নির্ধারিত হবে;

০৫। এ প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগ "ওয়ার্কিং ক্যাপিটাল আন্ডার স্টিমুলাস প্যাকেজ" নামে পৃথক হিসাবে বিতরণ করতে হবে। নির্ধারিত মেয়াদ (এক বছর) এর পূর্বে একবার হিসাবটি সমন্বয় করা হলে মেয়াদের অবশিষ্ট সময়ে পুনরায় এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ বিতরণ করা যাবে না;

০৬। প্যাকেজের ২য় পর্যায়ে বিতরণের জন্য সম্মতিপত্র প্রাপ্ত কোন ঋণ/বিনিয়োগ বিতরণ করা না হয়ে থাকলে প্যাকেজের ৩য় পর্যায়ের বাস্তবায়ন শুরু হওয়ার পর তা আর বিতরণ করা যাবে না;

চলমান পাতা-২

বিষয়ঃ **আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা নির্ধারণ প্রসঙ্গে।**

০৭। প্যাকেজের ২য় পর্যায়ে প্রণোদনা আবেদনের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ হতে ইতোমধ্যে সম্মতিপত্র প্রদান করা না হয়ে থাকলে ৩য় পর্যায়ে পুনঃনির্ধারিত সীমার আওতায় উক্ত আবেদন পর্যালোচনাপূর্বক নতুন করে প্রেরণ করতে হবে।

০৮। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও তদপরবর্তীতে জারীকৃত এতদসংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরন কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সার্কুলার লেটার এ বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণের লক্ষ্যেমাত্রা শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাবলী মাসিক. ভিত্তিতে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শুরু থেকেই উক্ত ঋন বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-৩)প্রক্রেবি-৩(৪১)/২০২২-২০২৩/ ২২৪ (১২৫০) তারিখঃ ০৮.০৮.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

০৮/০৮/২০২২

(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

(বিশেষ মনিটরিং ইউনিট)

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৪৫৮ তারিখ ০১/০৮/২২
ডিএমডি -২
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

সূত্রঃ বিআরপিডি-১(এসএমইউ)/৯০৪(২)/২০২২- ৭৬৫০

তারিখঃ ৩১ জুলাই, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে সীমা নির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৮, ২৯/১০/২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ৫৩/২০২০, ১২/০৭/২০২১ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩৬/২০২১ ও ২৮/০৭/২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩১/২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২) কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় দেশে কার্যরত শিল্প ও সার্ভিস সেক্টরের সক্ষমতা সমুন্নত রাখার লক্ষ্যে আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ৩য় পর্যায়ে আপনাদের ব্যাংকের শিল্প ও সার্ভিস সেক্টরে ওয়ার্কিং ক্যাপিটাল হিসেবে প্রদেয় ঋণ/বিনিয়োগের সর্বোচ্চ সীমা ১২০.০০ কোটি টাকা নির্ধারন করা হয়েছে।

৩) এছাড়া, আলোচ্য প্যাকেজে যে সকল প্রতিষ্ঠান প্রথম পর্যায় হতে সুবিধাপ্রাপ্ত তাদের ক্ষেত্রে ৩১/১২/২০১৯ তারিখ স্থিতিভিত্তিক এবং যে সকল প্রতিষ্ঠান দ্বিতীয় পর্যায়ে সুবিধাপ্রাপ্ত তাদের ক্ষেত্রে ৩১/১২/২০২০ তারিখ স্থিতিভিত্তিক ওয়ার্কিং ক্যাপিটালের উপর ভিত্তি করে ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারিত হবে;

৪) শিল্প ও সার্ভিস সেক্টরের ক্ষতিগ্রস্ত যে সকল প্রতিষ্ঠান বর্তমানে ব্যাংক হতে ওয়ার্কিং ক্যাপিটাল ঋণ/বিনিয়োগ সুবিধা ভোগ করছে না, সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩১/১২/২০২১ তারিখের আর্থিক বিবরণীর ভিত্তিতে ব্যাংকের বিদ্যমান নীতিমালার আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল বাবদ ঋণ/বিনিয়োগের প্রাপ্যতা সীমা নির্ধারিত হবে;

৫) এ প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণ/বিনিয়োগ "ওয়ার্কিং ক্যাপিটাল আন্ডার স্টিমুলাস প্যাকেজ" নামে পৃথক হিসাবে বিতরণ করতে হবে। নির্ধারিত মেয়াদ (এক বছর) এর পূর্বে একবার হিসাবটি সমন্বয় করা হলে মেয়াদের অবশিষ্ট সময়ে পুনরায় এ প্যাকেজের আওতায় ঋণ/বিনিয়োগ হিসেবে বিতরণ করা যাবে না;

৬) প্যাকেজের ২য় পর্যায়ে বিতরণের জন্য সম্মতিপত্র প্রাপ্ত কোন ঋণ/ বিনিয়োগ বিতরণ করা না হয়ে থাকলে প্যাকেজের ৩য় পর্যায়ের বাস্তবায়ন শুরু হওয়ার পর তা আর বিতরণ করা যাবে না;

৭) প্যাকেজের ২য় পর্যায়ে প্রণোদনার আবেদনের বিপরীতে অত্র বিভাগ হতে ইতোমধ্যে সম্মতিপত্র প্রদান করা না হয়ে থাকলে ৩য় পর্যায়ে পুনঃনির্ধারিত সীমার আওতায় উক্ত আবেদন পর্যালোচনাপূর্বক নতুন করে প্রেরণ করতে হবে।

৮) এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৮/২০২০ ও তদ্‌পরবর্তীতে জারীকৃত এতদ্‌সংশ্লিষ্ট সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনপূর্বক উপরোল্লিখিত সীমার আওতায় ঋণ/বিনিয়োগ অনুমোদন/বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ৭২৮ তারিখ ০১/০৮/২২
বিভাগ DGM Credit
ডিএমডি-১

আপনাদের বিশ্বস্ত,

(নাছির মোহাম্মদ আবদুল্লাহ)
যুগ্মপরিচালক
ফোন: ৫৫৬৬৫০০১-২০/২২৭৯২